গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

ডিসেম্বর/২০২২ মাসের জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মনদীপ ঘরাই, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল।

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

তারিখ ও সময় : ১৮/১২/২০২২ তারিখ, বেলা ২:৪০ টা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, "ইনোভেশন হলো পরিবর্তন; আমরা যে সকল কাজ করে থাকি তা আরো অল্প সময়ে, কম জনবল দিয়ে, অল্প খরচে কাজ করার পদ্ধতি এবং তা জনগণকে অবহিত করা"। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কি না তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। বিভিন্ন দপ্তরের নতুন, চলমান ও সমাপ্ত ইনোভেশন কার্যক্রম নিয়ে মতামত প্রদানের জন্য সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **<u>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:</u>**<br>বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা যায়। | বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো। | জেলা ইনোভেশন টিমের সদস্য (সকল)। |
| ২ | **<u>নিয়মিত ইনোভেশন টিমের সভা আয়োজন:</u>**<br>এ জেলার সকল উপজেলায় ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখা এবং ০২ (দুই) মাস পর পর ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ জেলায় এবং সকল উপজেলায় ০২ (দুই) মাস পর পর ইনোভেশন টিমের সভা করতে হবে এবং উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিমের সদস্য (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |
| ৩ | **<u>ইনোভেশন টিমে নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ:</u>**<br>ইনোভেশন টিমকে আরো জোরদার করার জন্য নতুন সদস্য অন্তর্ভুক্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জনাব মৃদুল চৌধুরী কনক, সহকারী তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, বরিশাল-কে জেলা ইনোভেশন টিমের নতুন সদস্য করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিমের সদস্য (সকল)। |
| ৪ | **<u>সরকারী দপ্তরসমূহরে চলমান ইনোভেশনের বাস্তাবায়ন প্রতিবেদন:</u>**<br>সভাপতি মহোদয় সরকারী দপ্তরসমূহের চলমান ইনোভেশনের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | যে সকল সরকারী দপ্তরের ইনোভেশন চলমান রয়েছে সে সকল দপ্তরে পত্র প্রেরণ করে আগামী সভায় এর বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার, আইসিটি শাখা। |
| ৫. | **<u>চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন:</u>**<br>চলমান ইনোভেশন প্রকল্পসমূহ জেলা ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক পরিদর্শন করা প্রয়োজন মর্মে সকলে মত প্রকাশ করেন। | জেলা ইনোভশন টিমের সদস্যগণ বরিশাল জেলায় চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দিবেন। | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ। |

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬ | **নতুন ইনোভেশন আইডিয়া উপস্থাপন:** জেলা এবং উপজেলা পর্যায়ে ক্যাসকেডিং কর্মশালা আয়োজনের মাধ্যমে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং ইনোভেশনের তালিকা হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক্যাসকেডিং কর্মশালা আয়োজনের মাধ্যমে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং ইনোভেটরদের উৎসাহ প্রদান অব্যাহত রাখতে হবে। | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |

ক) নতুন গৃহীত উদ্যোগ

| ক্র: | দপ্তর | চলমান উদ্ভাবনী প্রকল্পের নাম |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসন, বরিশাল। | ফ্রিল্যান্সার হাব (আইসিটি খাতে মানবসম্পদ উন্নয়ন)। |
| ২ | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | নিবন্ধন সনদ এ Q.R. কোডের ব্যবহার। |
| ৩ | ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ, বরিশাল। | ভেনডিং মেশিন (ইমেজ প্রসেসিং এর মাধ্যমে টাকা গ্রহণ এবং পণ্য বিক্রয়)। |
| ৪ | ডেভেলপার ও ফাউন্ডার, শিক্ষার্থী, বরিশাল বিশ্ববিদ্যালয়। | বিইউ রেডিও (অনলাইনে ওয়েবসাইট/মোবাইল অ্যাপের মাধ্যমে সম্প্রচার)। |
| ৫ | ফাইজা করিম উমামা, শিক্ষার্থী, বরিশাল কালেক্টরেট স্কুল এন্ড কলেজ। | 3D Hologram, 3D Image Player স্বল্প মূল্যে উৎপাদন। |
| ৬ | ইঞ্জিনিয়ার বিডি নেটওয়ার্ক, বরিশাল। | ডিজিটাল বরিশাল তথ্যভিত্তিক এন্ড্রয়েড এপ্লিকেশন। |
| ৭ | বরিশাল ফ্রিল্যান্সার ফেডারেশন। | বরিশাল ফ্রিল্যান্সার ফাউন্ডেশন (আইসিটি খাতে মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ, ফ্রিল্যান্সারদের মান উন্নয়ন, সামাজিক কর্মসংস্থানসহ সেবামূলক কাজ)। |
| ৮ | ফারদিন, রির্সাচ এসোসিয়েট, ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ, বরিশাল। | হিউম্যান ওয়েভ রোবট (ভয়েস কমান্ডের মাধ্যমে এই রোবট কথা বলছে)। |

খ) চলমান উদ্যোগ:

| ক্র: | দপ্তর | চলমান প্রকল্প |
|---|---|---|
| ১. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল। | মাটির সমস্যা সমাধান ও ফসলের উপযোগিতা নিরূপণ। |
| ২. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল। | মৃত্তিকা ও ভূমিরূপ মানচিত্র ব্যবহার করে প্রধান ফসলের জন্য সার সুপারিশ কার্ড বিতরণ। |
| ৩. | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল। | জেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের জরুরী যোগাযোগ নাম্বার এবং অন্যান্য তথ্য সম্বলিত “ডিজিটাল বরিশাল” নামক মোবাইল এ্যাপস। |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গৌরনদী, বরিশাল। | ইউডিসি থেকে মোবাইল এসএমএস এর মাধ্যমে জন্ম-নিবন্ধনের কনফার্মেশন বার্তা প্রদান। |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল। | সাবলীলভাবে পড়তে পারা সপ্তাহের সেরা শিক্ষার্থী নির্বাচন |
| ৬. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল। | কাঁচাবাজার মোবাইল এপ্লিকেশন। |
| ৭. | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | চাকুরী প্রত্যাশী ছাত্র-ছাত্রীদের জন্য Career Guide নামে প্রতি মাসে একটি সেমিনার আয়োজন করা। |

গ) সমাপ্তকৃত উদ্যোগ:

| ক্র: | দপ্তর | সমাপ্ত প্রকল্প |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল। | সহশিক্ষা কার্যক্রম চালু আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য পৃথক ওয়াশব্লক নির্মাণ। |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার কার্যালয়, উজিরপুর, বরিশাল। | বহি: বিভাগে স্বাস্থ্য সেবা সহজীকরণে হেলথ কার্ডের প্রচলন। |
| ৩. | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বরিশাল সদর, বরিশাল। | ব্লক পর্যায়ে কৃষি তথ্য সেবা নিশ্চিতকরণ। |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল। | বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য খাঁচায় মাছ চাষ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/১২/২২

(মনদীপ ঘরাই)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
বরিশাল।

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.১৯.২৬৫

তারিখ : ০৩ পৌষ ১৪২৯ / ১৮ ডিসেম্বর ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬। জেলা প্রশাসক, বরিশাল।
৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল।
৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল।
৯। অধ্যক্ষ, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল।
১০। জনাব রাহাত হোসেন ফয়সাল, সহযোগী অধ্যাপক, সিএসই বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
১১। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল।
১৩। ..............................................................................................।
১৪। অফিস কপি।

১৮/১২/২২

(মনদীপ ঘরাই)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
বরিশাল।